গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
ব্যবস্থাপনা পরিচালক, এর দপ্তর

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র তৃতীয় ত্রৈমাসিক অর্জন পর্যালোচনা এবং ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র খসড়া লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বিকাশ দেওয়ান<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ০৬/০৪/২০২১ খ্রি. |
| সভার সময় | ১২.০০ ঘটিকায় |
| স্থান | অনলাইন জুম সিস্টেম এর মাধ্যমে |
| উপস্থিতি | ডিপিডিসি'র নির্বাহী পরিচালক মহোদয়গণ, কোম্পানি সচিব, সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক ও এপিএ কমিটির সকল সদস্য |

আলোচ্যসূচি:
(১) তৃতীয় ত্রৈমাসিক অর্জন ও ২০২০-২১ অর্থবছরে ৯ (নয়) মাসের অর্জণ ;
(২) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)'র খসড়া লক্ষ্যমাত্রা নির্ধারণ।

**১.০ আলোচনা:**
সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে অবহিত করেন যে, বিদ্যুৎ বিভাগ থেকে পত্র মারফত জানানো হয় যে, ০৫/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে তৃতীয় ত্রৈমাসিক অর্জন প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। আগামি ১৫/০৪/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে 'বাজেট ব্যবস্থাপনা কমিটির' সভায় ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র তৃতীয় ত্রৈমাসিক অর্জন পর্যালোচনা ও অনুমোদন করা হবে। এছাড়াও ২০২১-২২ এপিএ'র খসড়া অনুমোদন করা হবে। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ি অগ্রসর হওয়ার জন্য ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি এ্যাফেয়ার্স-কে নির্দেশ প্রদান করেন।

**আলোচ্যসূচি নং ১:**
সভায় ১ নং আলোচ্যসূচি ২০২০-২১ অর্থবছরে তৃতীয় ত্রৈমাসিক অর্জন এবং ৯ (নয়) মাসের অর্জন উপস্থাপন করা হয়। সভায় অবহিত করা হয় যে, ০৫/০৪/২০২১ খ্রি. তারিখে বিদ্যুৎ বিভাগে প্রেরিত ত্রৈমাসিক অর্জন এবং ৯ (নয়) মাসের অর্জন এর সারসংক্ষেপ নিম্নরূপ:

| কর্ম সম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | অর্ধবার্ষিক অর্জন (জুলাই-ডিসেম্বর, ২০) | ৩য় কোয়ার্টারের অর্জন ( জানুয়ারি- মার্চ, ২১) | ৯ মাসে অর্জন (জুলাই, ২০-মার্চ, ২১) | |
|---|---|---|---|---|---|
| [১.১.১] বিতরণ লাইন | ৬০ | ৬৩.৬ | ২৫.৬ | ৮৯.২ | |
| [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | ৭২০ | ১৮৫. | ৪৪৪ | ৬২৯ | |
| [১.৩.১] ওভার লোডেড ট্রান্সফরমার | ০.২ | ০.০০১ | ০.০০১ | ০.০০১ | |
| [১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন | ১০০ | ০. | ১০০ | ১০০ | |
| [১.৩.৩] SAIDI | ৩৬৫ | ১২৯.৬৬৬ | ৫০.৫৮৩ | ১৮০.২৪৯ | |
| [১.৩.৪] SAIFI | ২০ | ১০.৯৫৪ | ৪.২৯৫ | ১৫.২৪৯ | |
| [১.৪.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | ৯০ | ৯১ | ৯১ | ৯১ | |
| [১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক) | ১০০ | ৬.৯৭ | ১২.৮৩ | ১৯.৮ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| [১.৬.১] ৩৩ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | |
| [১.৬.২] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | |
| [১.৭.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | ১২ | ১৪ | ১৪ | ১৪ | |
| [১.৭.২] গণশুনানি | ৩৬ | ১৮. | ৮ | ২৬ | |
| [১.৮.১] উপকেন্দ্রের সংখ্যা | ১ | ২. | ০ | ২ | |
| [২.১.১] সিস্টেম লস | ৭.২ | ৬.৯২ | ৫.০১ | ৬.৩৪ | |
| [২.২.১] বকেয়া হ্রাস | ২ | ১.৬৭ | ১.৮৪ | ১.৮৪ | |
| [২.২.২] কালেকশন বিল রেশিও | ৯৫ | ১০১.৪৯ | ৯৪.২৭ | ৯৯.২৬ | |
| [২.৩.১] দেনা পরিশোধ | ৩ | ১ | ১ | ১ | |
| [২.৩.২] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | চলতি | ২৭.৩২ | ০.০০ | ২৭.৩২ | |
| [২.৩.৩] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | ১.৬:১ | ১.৬২:১ | ১.৬৫:১ | ১.৬৫:১ | |
| [২.৩.৪] কারেন্ট রেশিও | ১.৫:১ | ২.৫২:১ | ২.০৫:১ | ২.০৫:১ | |
| [২.৩.৫] কুইক রেশিও | ১.২০:১ | ২.২৬:১ | ১.৮৫:১ | ১.৮৫:১ | |
| [২.৪.১] ই জিপি টেন্ডারিং | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | |
| [৩.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | ৩৫০০০ | ৩৭৪০৩ | ২১৩৫৪ | ৫৮৭৫৭ | |
| [৩.২.১] প্রিপেইড মিটার স্থাপন | ৪০০০০ | ২৫৬০০ | ২৮৪১৮ | ৫৪০১৮ | |
| [৪.১.১] নেট মিটার স্থাপন | ৫০ | ৩০ | ৮ | ৩৮ | |

**[১.১.১] বিতরণ লাইন**

সভাকে অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের বিতরণ লাইনের লক্ষ্যমাত্রা ৬০ কি.মি এবং জুলাই/২০ -মার্চ/২১ পর্যন্ত অর্জিত হয়েছে ৮৯.২ কি.মি । সভাপতি বিতরণ লাইনের লক্ষ্যমাত্রা অর্জনে সন্তোষ প্রকাশ করেন। তিনি লক্ষ্যমাত্রার চেয়ে বিতরণ লাইন অনেক বেশি হওয়ার কারণ জানতে চান। নির্বাহী পরিচালক (প্রকৌশল) সভায় জানান যে, বিগত মে/২০ মাসে দেশব্যাপী কোভিড-১৯ প্রাদুর্ভাব ও লকডাউন বিবেচনা করে বিতরণ লাইনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিলো। পরবর্তীতে পরিস্থিতির উন্নতি হওয়ায় ডিপোজিট ওয়ার্কে বেশ কিছু কাজ হয়েছে যা পূর্ব থেকে অনুমান করা সম্ভব হয়নি। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী অন্যান্য কাজ স্বাভাবিক গতিতে সম্পাদন করা হয়েছে। ফলে বিতরণ লাইন নির্মান লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হয়েছে। এ পর্যায়ে সভাপতি জানতে চান যে, ২০২০-২১ অর্থবছরে শেষ ০৩ মাসে বিতরণ লাইন নির্মানের কোনো জব হাতে আছে কি না? নির্বাহী পরিচালক (প্রকৌশল) সভাকে জানান যে, ২০২০-২১ অর্থবছরে বিতরণ লাইন নির্মানের সমস্ত কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। এ অর্থবছরে নতুন করে বিতরণ লাইন নির্মানের কোনো জব হাতে নেই। অত:পর সভাপতি ২০২১-২২ অর্থবছরে বিতরণ লাইন নির্মানের সম্ভাব্য কার্যক্রম সম্বন্ধে জানতে চাইলে নির্বাহী পরিচালক (প্রকৌশল) বিতরণ লাইন নির্মান সংশ্লিষ্ট প্রকল্প, জব ও সম্ভাব্য কার্যক্রম সম্বন্ধে সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্ত:** নির্বাহী পরিচালক (প্রকৌশল) ০৭/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী (উন্নয়ন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরে বিতরণ লাইন নির্মানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন।

**[১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা**

সভাকে অবহিত করা হয় যে, উপকেন্দ্রের ক্ষমতার লক্ষ্যমাত্রা ৭২০ এমভিএ এবং জুলাই/২০ -মার্চ/২১ পর্যন্ত অর্জন ৬২৯ এমভিএ। সুতরাং লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামি ০৩ মাসে উপকেন্দ্রের ক্ষমতা আরও ৯১ এমভিএ বৃদ্ধি করতে হবে। সভাপতি আগামি ০৩ মাসে লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে জানতে চাইলে নির্বাহী পরিচালক (প্রকৌশল) সভাকে জানান যে, উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধির কাজ চলমান আছে। আগামি ০৩ মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে। এ পর্যায়ে সভাপতি ২০২১-২২ অর্থবছরে উপকেন্দ্র নির্মান/ ক্ষমতা বৃদ্ধির বিষয়ে জানতে চান। নির্বাহী পরিচালক (প্রকৌশল) আগামী অর্থবছরে যে সকল উপকেন্দ্র নির্মান/ ক্ষমতা বৃদ্ধি হবে তার বিশদ বর্ণনা দেন।

**সিদ্ধান্ত:** নির্বাহী পরিচালক (প্রকৌশল) ০৭/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী (উন্নয়ন) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরে উপকেন্দ্র নির্মান/ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন।

**[১.৩.১] ওভারলোডেড ট্রান্সফরমার**

সভাকে অবহিত করা হয় যে, ওভারলোডেড ট্রান্সফরমারের লক্ষ্যমাত্রা শতকরা ০.২০ এবং জুলাই/২০ -মার্চ/২১ পর্যন্ত অর্জিত হয়েছে শতকরা ০.০০১, যা সন্তোষজনক। সভাপতি গ্রীষ্ম মৌসুমে ট্রান্সফরমারের ওভারলোড যথাযথ মনিটরিং করার উপর গুরুত্ব আরোপ করেন এবং সকলকে বিশেষতঃ এনওসিএস দপ্তরে কর্মরত কর্মকর্তাদের সতর্ক থাকার নির্দেশ দেন। এ বিষয়ে নির্বাহী পরিচালক (অপারেশন)-কে অধিকতর মনোযোগী হওয়ার পরামর্শ দেন।

**সিদ্ধান্ত:** গ্রীষ্ম মৌসুমে ট্রান্সফরমারের লোড যথাযথ মনিটরিং এর মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার বিষয়ে নির্বাহী পরিচালক (অপারেশন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**[১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন**

সভাপতি ১১ কেভি ফিডার অটোমেশনের অগ্রগতি নিয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে ১০০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করা হয়েছে এবং চলতি অর্থবছরে আরও ৭৫ টি ফিডার অটোমেশন করা সম্ভব হবে। তিনি আরও জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের সময় ১১ কেভি ফিডার অটোমেশনের লক্ষ্যমাত্রা ছিলো ১০০% অর্থাৎ ৭১৪ টি ফিডার। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের পর সেপ্টেম্বর মাসের মধ্যে যে কোনো সূচক সংশোধনের সুযোগ থাকে। সে হিসেবে চলতি অর্থবছরে বিদ্যুৎ বিভাগ কর্তৃক সংশোধনীর সুযোগ দেয়া হয়েছিলো। বিগত ২২/০৯/২০২০ খ্রি. তারিখে বর্ণিত সূচকের লক্ষ্যমাত্রার পরিমাপের একক (গণনা পদ্ধতি) শতকরার পরিবর্তে সংখ্যা করার প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছিলো এবং বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত সভায় উক্ত সূচকের লক্ষ্যমাত্রা পরিমাপের একক শতকরার পরিবর্তে সংখ্যা অর্থাৎ ১০০ টি ১১ কেভি ফিডার অটোমেশন করার বিষয়ে মৌখিকভাবে সম্মতি দেওয়া হয়েছিলো। কিন্তু APAMS Software এ এখনও পূর্বের লক্ষ্যমাত্রাই প্রদর্শিত হচ্ছে। এ পর্যায়ে সভাপতি অতিরিক্ত সচিব, সুশাসন ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা, বিদ্যুৎ বিভাগ মহোদয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্বাহী পরিচালক (প্রকৌশল)-কে দায়িত্ব প্রদান করেন। এছাড়াও মহাব্যবস্থাপক (আইসিটি) ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণের পরামর্শ দেন।

**সিদ্ধান্ত:** ১১ কেভি ফিডার অটোমেশনের লক্ষ্যমাত্রা পরিমাপের একক শতকরার পরিবর্তে সংখ্যা অর্থাৎ ১০০ টি ফিডার নির্ধারণের বিষয়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ০৭/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে মহাব্যবস্থাপক (আইসিটি) ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা নির্ধারণ করবেন।

**[১.৩.৩] SAIDI [১.৩.৪] SAIFI:**

সভাপতি অত্র ২০২০- ২১ অর্থবছরের অর্জিত SAIDI এবং SAIFI সম্পর্কে জানতে চাইলে নির্বাহী পরিচালক (অপারেশন) জানান যে, ডিপিডিসি'র এনওসিএস দপ্তর হতে সংগৃহীত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ/২১ পর্যন্ত SAIDI এবং SAIFI হয়েছে যথাক্রমে ১৮০.২৪৯ ও ১৫.২৪৯। এ পর্যায়ে সভাপতি SAIDI এবং SAIFI কিভাবে আরও কমানো যায় সে বিষয়ে আলোকপাত করেন এবং লক্ষ্যমাত্রার মধ্যে SAIDI ও SAIFI সীমাবদ্ধ রাখার জন্য নির্বাহী পরিচালক (অপারেশন) এবং প্রধান প্রকৌশলী এনওসিএস (নর্থ/সেন্ট্রাল/সাউথ)-কে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরে SAIDI ও SAIFI লক্ষ্যমাত্রার মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য নির্বাহী পরিচালক (অপারেশন) এবং প্রধান প্রকৌশলী এনওসিএস (নর্থ/সেন্ট্রাল/সাউথ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

**[১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক)**

সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরে তৃতীয় ত্রৈমাসিক পর্যন্ত এডিপি বাস্তবায়ন (আর্থিক) এর অগ্রগতি ১৯.৮%। এডিপি

বাস্তবায়ন (আর্থিক) এর অগ্রগতি লক্ষ্যমাত্রার তুলনায় খুবই কম। প্রধান প্রকৌশলী (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, বিশ্বের করোনা পরিস্থিতির কারণে প্রকল্প বাস্তাবায়নের কাজ কিছুটা ধীরগতিতে এগিয়েছে। তবে এ অর্থবছরের শেষ ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্বাহী পরিচালক (প্রকৌশল)-কে আরো তৎপর হতে আহবান করেন।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরে এডিপি বাস্তবায়ন (আর্থিক) এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্বাহী পরিচালক (প্রকৌশল) এবং প্রধান প্রকৌশলী (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

**[১.৭.২] গণশুনানি:**

সভায় অবহিত করা হয় যে, ২০২০-২১ অর্থবছরের তৃতীয় ত্রৈমাসিকে মোট ২৬ টি গনশুনানি করা হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামি ৩ মাসের মধ্যে আরও ১০টি গনশুনানি করতে হবে। গনশুনানির সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবাগ্রহিতাদের অবহিতকরণ সংক্রান্ত সভা ১ টি এবং সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সংক্রান্ত সভা ১ টি আয়োজন করতে হবে। গনশুনানি আয়োজনের পূর্বে তারিখ ও সময় জানিয়ে বিদ্যুৎ বিভাগকে অবহিত করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি প্রয়োজনে গনশুনানিতে উপস্থিত থাকবেন। সভাপতি আগামি ৩ মাসের মধ্যে আরও কমপক্ষে ১০টি গনশুনানি এবং ১টি করে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহিতাদের অবহিতকরণ সভা এবং সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভা আয়োজন করার জন্য প্রধান প্রকৌশলী (উত্তর,দক্ষিণ ও সেন্ট্রাল)-কে নির্দেশ দেয়া হয়।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরে এপ্রিল-জুন/২১ চতুর্থ ত্রৈমাসিকে আরও ১০টি গনশুনানি এবং ১টি করে সেবাগ্রহিতাদের অবহিতকরণ সভা ও সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সংক্রান্ত সভা আয়োজন করার বিষয়ে প্রধান প্রকৌশলী (উত্তর, দক্ষিণ ও সেন্ট্রাল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং গনশুনানি আয়োজনের পূর্বে তারিখ ও সময় জানিয়ে বিদ্যুৎ বিভাগকে অবহিত করবেন।

**(১.৪.১) বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর, (২.১.১) সিস্টেম লস, (২.২.১) বকেয়া হ্রাস , (২.২.২) কালেকশন বিল রেশিও:**

সভায় বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর, সিস্টেম লস, বকেয়া হ্রাস, কালেকশন বিল রেশিও এর ২০২০-২১ অর্থবছরের জুলাই/২০ -মার্চ/২১ পর্যন্ত অর্জন অবহিত করা হয়। সভাপতি বিগত নয় মাসের অর্জনে সন্তোষ প্রকাশ করেন এবং এই ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন । এছাড়াও প্রকৌশলী (উত্তর, দক্ষিণ ও সেন্ট্রাল) এর সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরে এনওসিএস ওয়ারি সিস্টেম লস, বকেয়া হ্রাস ও কালেকশন বিল রেশিও এর লক্ষ্যমাত্রা নির্ধারনের পরামর্শ দেন।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরে বর্ণিত সূচকগুলোর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নির্বাহী পরিচালক (অপারেশন)/ নির্বাহী পরিচালক (প্রকৌশল) এবং প্রধান প্রকৌশলী (উত্তর, দক্ষিণ ও সেন্ট্রাল) ও প্রধান প্রকৌশলী (উন্নয়ন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ২০২১-২২ অর্থবছরে এনওসিএস ওয়ারি সিস্টেম লস, বকেয়া হ্রাস ও কালেকশন বিল রেশিও এর লক্ষ্যমাত্রা নির্ধারন করবেন।

**(২.৩.১) দেনা পরিশোধ, (২.৩.২) সরকারের নিকট ডিএসএল পরিশোধ :**

সভায় ২০২০-২১ অর্থবছরে দেনা পরিশোধ ও সরকারের নিকট ডিএসএল পরিশোধের অর্জন অবহিত করা হয়। সরকারের নিকট ডিএসএল বাবদ মোট প্রদেয় অর্থ এবং অবশিষ্ট অপরিশোধিত অর্থের বিষয়ে নির্বাহী পরিচালক (অর্থ) এর দৃষ্টি আকর্ষণ করেন। নির্বাহী পরিচালক (অর্থ) সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরে সরকারের নিকট ডিএসএল বাবদ মোট ৬৭.৮৯ কোটি টাকা পরিশোধ করতে হবে। ইতোমধ্যে ২৭.৩২ কোটি টাকা পরিশোধ করা হয়েছে এবং অবশিষ্ট ৪০.৫৭ কোটি টাকা জুন/২১ মাসের মধ্যে পরিশোধ করা হবে। তিনি আরও জানান যে, বিপিডিবির বিদ্যুৎ বিল নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করা হচ্ছে।

**সিদ্ধান্ত:** ২০২০-২১ অর্থবছরের সরকারের সমুদয় ডিএসএল জুন/২১ মাসের মধ্যে পরিশোধ করার এবং নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবির বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য নির্বাহী পরিচালক (অর্থ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

**(২.৪.১) ই-জিপি টেন্ডারিং ( ১০০ কোটির নিচে), (৩.১.১) নতুন বিদ্যুৎ সংযোগ, (৩.২.১) প্রিপেইড মিটার স্থাপন ও**

**<u>(৪.১.১) নেট মিটার স্থাপন:</u>**

সভায় ই-জিপি টেন্ডারিং, নতুন বিদ্যুৎ সংযোগ, প্রিপেইড মিটার স্থাপন ও নেট মিটার স্থাপনের অর্জন অবহিত করা হয়। সভাপতি লক্ষ্যমাত্রার চেয়ে নতুন বিদ্যুৎ সংযোগ ও প্রি-পেইড মিটার সংযোগ অনেক বেশি হওয়ার কারণ জানতে চান। সভায় জানানো হয় যে, বিগত মে/২০ মাসে দেশব্যাপী কোভিড-১৯ প্রাদুর্ভাব ও লকডাউন বিবেচনায় বর্ণিত সূচকগুলোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিলো। পরবর্তীতে পরিস্থিতির উন্নতি হওয়ায় প্রকল্পভিত্তিক প্রি-পেইড মিটার স্থাপন করায় এবং নতুন বিদ্যুৎ সংযোগে গ্রাহকগণের নিকট থেকে অনেক আবেদন পাওয়ায় বিগত নয় মাসে অর্জন লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশি হয়েছে। এ পর্যায়ে সভাপতি ২০২১-২২ অর্থবছরে প্রি-পেইড মিটার স্থাপনের বিষয়ে প্রকল্প পরিচালদের মতামত গ্রহণ করেন এবং সে অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারনের পরামর্শ দেন।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রার চেয়ে প্রি-পেইড মিটার স্থাপন বেশি হওয়ার কারণ জানিয়ে নির্বাহী পরিচালক (প্রকৌশল) বিদ্যুৎ বিভাগকে পত্র প্রদান করবেন এবং প্রকল্প পরিচালদের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরে প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারন করবেন।

**আলোচ্যসূচি নং ২:**

সভায় ২ নং আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি এ্যাফেয়ার্স সভাকে অবহিত করেন যে, আগামি ০৮/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের খসড়া এপিএ বিদ্যুৎ বিভাগে প্রেরণের অনুরোধ জানিয়ে পত্র প্রদান করা হয়েছে। আগামি ১৫/০৪/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে 'বাজেট ব্যবস্থাপনা কমিটির' সভায় ২০২১-২২ এপিএ'র খসড়া অনুমোদন করা হবে। তিনি আরো বলেন যে, নির্বাহী পরিচালক মহোদয়গণের সাথে আলোচনা করে ২০২১-২২ অর্থবছরের খসড়া এপিএ প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া এপিএ-তে অন্তর্ভূক্ত বিভিন্ন কর্মসম্পাদনসূচকে লক্ষ্যমাত্রা নিম্নরূপ :

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০-২১ | প্রকৃত অর্জন ২০-২১* | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২২-২৩ | প্রক্ষেপণ ২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | |
| [১] নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ এবং গ্রাহকসেবাত করা। | [১.১] বিতরণ লাইন নির্মাণ | [১.১.১] বিতরণ লাইন | কিঃমিঃ | ৬ | ৭৪.৬৯ | ৬০ | ৮৯.২ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৫ | ৭৪.৬৯ | ৭২ | ৮০ |
| | [১.২] উপকেন্দ্র নির্মাণ /উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | এমভিএ | ৫ | ৮০৫ | ৭২০ | ৬২৯ | ৫৫০ | ৫১০ | ৪৭০ | ৪৩০ | ২৪০ | ৭০০ | ৭২০ |
| | [১.৩] নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | [১.৩.১] ওভার লোডেড ট্রান্সফরমার এর পরিমান কমানো | % | ২ | ০.০১ | ০.২০ | ০.০০১ | ০.২০ | ০.২৫ | ০.৩০ | ০.৩৫ | ০.৪০ | ০.২০ | ০.২০ |
| | | [১.৩.২] ১১ কেভি ফিডার অটোমেশন | সংখ্যা | ২ | | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮০ | ৭০ | ১১০ | ১২০ |
| | | [১.৩.৩] SAIDI | মিনিট | ১ | ২৩৪.৫৩ | ৩৬৫ | ১৮০.২৪৯ | ৩৬৫ | ৩৭০ | ৩৭৫ | ৩৮০ | ৩৮৫ | ৩৬৫ | ৩৬০ |
| | | [১.৩.৪] SAIFI | বার/ সংখ্যা | ১ | ১৭.৬১৮ | ২০ | ১৫.২৪৯ | ২০ | ২৫ | ৩০ | ৩৫ | ৪০ | ২০ | ২০ |
| | [১.৪] মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | [১.৪.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | % | ৫ | ৯০.৫ | ৯০ | ৯১ | ৯০ | | | | | ৯০ | ৯০ |
| | [১.৫] এডিপি বাস্তবায়ন | [১.৫.১] এডিপি বাস্তবায়ন (আর্থিক) | % | ২ | ৯৫.০২ | ১০০ | ১৯.৮ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ১০০ | ১০০ |
| | [১.৬] জি আই এস ম্যাপিং | [১.৬.১] সকল উপকেন্দ্রসহ ৩৩ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | ১০০ | | |
| | | [১.৬.২] ১১ কেভি লাইনের জি আই এস ম্যাপিং | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | | | | ১০০ | | |
| | [১.৭] গ্রাহকসেবা প্রদান | [১.৭.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | এনওসিএস এর সংখ্যা | ২ | ১৪ | ১২ | ১৪ | ১৪ | | | | ১৪ | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [১.৭.২] গণশুনানি | সংখ্যা | ২ | ৭২ | ৩৬ | ২৬ | ৩৬ | ৩৪ | ৩২ | ৩০ | ২৮ | ৫০ | ৬০ |
| | [১.৮] স্ক্যাডা বাস্তবায়ন | [১.৮.১] উপকেন্দ্রের সংখ্যা | সংখ্যা | ৩ | ৩ | ১ | ২ | ১ | | | | ১ | ২ | ২ |
| [২] প্রাতিষ্ঠানিক দক্ষতা, সক্ষমতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা। | [২.১] সিস্টেম লস হ্রাস | [২.১.১] সিস্টেম লস | % | ৭ | ৬.৫৮ | ৭.২ | ৬.৩৪ | ৭.১৫ | ৭.১৮ | ৭.২৫ | ৭.৩০ | ৭.৪০ | ৭.১০ | ৭.০৫ |
| | [২.২] আদায় বৃদ্ধি | [২.২.১] বকেয়া হ্রাস | সমমাস | ৭ | ১.৭৯ | ২ | ১.৮৪ | ২.০ | ২.০৫ | ২.১০ | ২.১৫ | ২.২০ | ১.৯৫ | ১.৯৫ |
| | | [২.২.২] কালেকশন বিল রেশিও | % | ৩ | ৯৮.৫৩ | ৯৫.০ | ৯৯.২৬ | ৯৫ | ৯২ | ৯০ | ৮৮ | ৮৬ | ৯৫ | ৯৫ |
| | [২.৩] দায় পরিশোধ | [২.৩.১] দেনা পরিশোধ | মাস | ৩ | ১.১৯ | ৩.০০ | ১ | ২ | ২.২৫ | ২.৫০ | ২.৭৫ | ৩.০০ | ২ | ২ |
| | | [২.৩.২] সরকারের নিকট ডিএসএল পরিশোধ | কোটি টাকা | ৩ | ৪৯.৬৪ | চলতি | ২৭.৩২ | চলতি | | | | | চলতি | চলতি |
| | | [২.৩.৩] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | রেশিও | ৩ | ১.৬২:১ | ১.৬০:১ | ১.৬৫:১ | ১.৬০:১ | ১.৫৫:১ | ১.৫০:১ | ১.৪৫:১ | ১.৪০:১ | ১.৬০:১ | ১.৬০:১ |
| | | [২.৩.৪] কারেন্ট রেশিও | রেশিও | ২ | ১.৮২:১ | ১.৫০:১ | ২.০৫:১ | ১.৫০:১ | ১.৪০:১ | ১.৩০:১ | ১.২০:১ | ১.১০:১ | ১.৮০:১ | ১.৮০:১ |
| | | [২.৩.৫] কুইক রেশিও | রেশিও | ২ | ১.৬৭:১ | ১.২০:১ | ১.৮৫:১ | ১.২০:১ | ১.১৫:১ | ১.১০:১ | ১.০৫:১ | ১.০০:১ | ১.২০:১ | ১.২০:১ |
| | [২.৪] প্রতিযোগিতামূলক ক্রয় | [২.৪.১] ই জিপি টেন্ডারিং ( ১০০ কোটির নিচে) যা প্রযোজ্য | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [৩] নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা। | [৩.১] নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান | [৩.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | সংখ্যা | ৩ | ৬৮৯৬০ | ৩৫০০০ | ৫৮৭৫৭ | ৫০০০০ | ৪৫০০০ | ৪০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ৫০০০০ | ৫০০০০ |
| | [৩.২] প্রিপেইড মিটার স্থাপন | [৩.২.১] প্রিপেইড মিটার স্থাপন | সংখ্যা | ৩ | ৮২০৪৩ | ৪০০০০ | ৫৪০১৮ | ৭০০০০ | ৬৫০০০ | ৬০০০০ | ৫৫০০০ | ৫০০০০ | ৬০০০০ | ৭০০০০ |
| [৪] নবায়ন যোগ্য বিদ্যুৎ খাতের উন্নয়ন করা। | [৪.১] নেট মিটার স্থাপন | [৪.১.১] নেট মিটার স্থাপন | সংখ্যা | ২ | ১০০ | ৫০ | ৩৮ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ১০০ |
| | | | | | | | | | | | | | | |

এ পর্যায়ে সভাপতি বলেন যে, স্ব স্ব নির্বাহী পরিচালকগণ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করবেন এবং কোনো সংশোধনী থাকলে তা অবহিত করবেন। পরবর্তীতে উক্ত সংশোধনীগুলো বিবেচনায় নিয়ে চূড়ান্ত খসড়া প্রস্তুতপূর্বক আগামী ০৮/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে।

**সিদ্ধান্ত:** ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি এ্যাফেয়ার্স নির্ধারিত তারিখের মধ্যে চূড়ান্ত খসড়া এপিএ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করবেন।

পরিশেষে সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন ।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৩০৫.৭১.০০৩.২১.৭

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (ফিন্যান্স), ফিন্যান্স বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

২) এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৩) এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), আইসিটি ও প্রকিউরমেন্ট বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৪) কোম্পানি সেক্রেটারি, কোম্পানী সেক্রেটারিয়েট, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৫) সকল প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক এবং এপিএ টীমের সদস্য, ডিপিডিসি।

আবদুর রউফ খান
এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স)